

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।  
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

আদেশ: ...../কাস্টমস/২০২৪/৫২৯

তারিখঃ ২০-১১-২০২৪ খ্রিঃ

**বিষয়ঃ** ওয়ারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠান স্মার্ট সুজ লি: এবং এম কে ফুটওয়্যার লি: কর্তৃক ওয়ারহাউস সুবিধায় আমদানিকৃত কীচামাল অন্য ওয়ারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানের নিকট স্থায়ী হস্তান্তরের অনুমতি।

'স্মার্ট' সুজ লিমিটেড (ঠিকানাঃ খেওয়া ঘাট, বিরুলিয়া, সাভার, ঢাকা) ওয়ারহাউস লাইসেন্স নং- ১২৬৯/কাস-পিবিলিউ/২০১৯, তারিখঃ ৩০/০৭/২০১৯ এবং এম কে ফুটওয়্যার লিঃ (ঠিকানাঃ চকপাড়া, মাওনা, গাজীপুর) ওয়ারহাউস লাইসেন্স নং- ১৩১৪/কাস- পিবিলিউ/২০২০, তারিখঃ ২১/০১/২০২০ এর মাধ্যমে আমদানিকৃত কীচামাল ওয়ারহাউস লাইসেন্সধারী অন্যান্য প্রতিষ্ঠানের নিকট দেশের পাদুকা শিল্পের উৎপাদন, রপ্তানি আয় বৃদ্ধি ও কারখানা দুটির আর্থিক ক্ষতি রোধের বিষয়টি বিবেচনাপূর্বক বৈদেশিক মুদ্রা আহরনের স্বার্থে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ছকে উল্লেখিত কীচামাল স্থায়ী হস্তান্তরের অনুমতি প্রদান করা হইলঃ

ছকঃ

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম	কীচামাল
১	স্মার্ট সুজ লিমিটেড	ইউপি নং- ১৬/২০২৪, ১৮/২০২৪, ১৯/২০২৪, ২৫/২০২৪, ২৬/২০২৪, ২৭/২০২৪, ২৮/২০২৪
২	এম কে ফুটওয়্যার লি:	এলসি নং- ০২৬৩২৪০৬০০২৪, তারিখ: ০৮-০৪-২০২৪ খ্রি:, ০২৬৩২৪০৬০০৪৭, তারিখ: ১১-০৬-২০২৪ খ্রি:, ০২৬৩২৪০১০২০৮, তারিখ: ২৯-০৭-২০২৪ খ্রি:, ০২৬৩২৪০৬০০৩৬, তারিখ: ০৫-০৫-২০২৪ খ্রি:, ০২৬৩২৪১৫০০৮৪, তারিখ: ০৯-১০-২০২৪ খ্রি:, ০২৬৩২৪১৫০০৮০, তারিখ: ২৭-০৯-২০২৪ খ্রি:, ০২৬৩২৩০৪০০২৯২, তারিখ: ০৮-০৭-২০২৪ খ্রি:, ০২৬৩২৩০৪০০২৭৩, তারিখ: ১০-০৬-২০২৪ খ্রি:

শর্তসমূহ:

- কীচামাল হস্তান্তরকারী এবং গ্রহনকারী ওয়ারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানের মধ্যে যথাযথ মূল্যমানের নন-জুডিসিয়াল স্ট্যাম্প সম্পাদিত চুক্তিপত্র থাকিতে হইবে;
- কীচামাল প্রদানকারী প্রতিষ্ঠানের স্থানান্তরতব্য কীচামাল সংশ্লিষ্ট আমদানি দলিলাদি, তথা, ব্যাক টু ব্যাক ঋণপত্র, ইনভয়েস, বিল অব লেডিং বা এয়ারওয়ে বিল বা ট্রাক রিসিপিস্ট বা রেলওয়ে রিসিপিস্ট, বিল অব এন্ট্রি, ইউপি ইত্যাদির কপি দাখিল করিতে হইবে;
- কীচামাল গ্রহনকারী প্রতিষ্ঠানের রপ্তানি ঋণপত্র (মাস্টার এলসি) বা বিক্রয় চুক্তি (সেলস কনট্র্যাক্ট), ব্যাক টু ব্যাক ঋণপত্র, প্রোফর্মা ইনভয়েস, ইউপি, ক্রয়দেশের কপি (P.O. Sheet) ইত্যাদির কপি দাখিল করিতে হইবে;
- এই কীচামাল হস্তান্তর বন্ড কমিশনারেটের প্রত্যক্ষ তত্তাবধানে সম্পন্ন করিতে হইবে;
- কীচামাল হস্তান্তরকারী এবং গ্রহনকারী প্রতিষ্ঠানের লিয়েন ব্যাংকের অনাপত্তিপত্র, স্থানান্তরতব্য কীচামালের নমুনা, লেদার গুডস এন্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (এলএফএমইএবি) এর সুপারিশপত্র এবং স্থানান্তরকালে গণ্যের কোনোরূপ ক্ষয়ক্ষতি হইলে তাহার দায়-দায়িত্ব আন্তঃবন্ড হস্তান্তর গ্রহনকারী প্রতিষ্ঠান কর্তৃক বহনের Risk Bond দাখিল করিতে হইবে;
- ইতোমধ্যে কীচামাল হস্তান্তরকারী প্রতিষ্ঠানের অনুকূলে ইস্যুকৃত UP (Utilisation Permission) বাতিল করিতে হইবে;

০১৫

(ছ) অনুমোদিত কীচামাল হস্তান্তরের সকল তথ্য যথা নিয়মে হস্তান্তরকারী এবং গ্রহনকারী ওয়ারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানের বন্ড রেজিস্টারে লিপিবদ্ধ করিতে হইবে;

(জ) স্থানান্তরতব্য পণ্য রপ্তানির সপক্ষে Proceed Realisation Certificate (PRC), সংশ্লিষ্ট রপ্তানিকারক কর্তৃক রপ্তানির পরবর্তী তিন মাসের মধ্যে সংশ্লিষ্ট বন্ড কমিশনারেটে বা ক্ষেত্রমত কমিশনারেটে দাখিল করিতে হইবে।

০২। এই আদেশ শুধুমাত্র ছকে বর্ণিত কীচামাল এর স্থায়ী হস্তান্তরের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

০৩। কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ২৬৬ অনুযায়ী এই আদেশ জারী করা হইল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

*Ahsan*

২০১১/১২৪

এইচ এম আহসানুল কবীর

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

নথি নং- ০৮.০১.০০০০.৫৬.০৭.০০২.২০১৭/ (৫২৭)

তারিখ: ২০-১১-২০২৪ খ্রি:।

অনুলিপি:

১। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ)/চট্টগ্রাম।

২। সভাপতি, লেদার এন্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (এলএফএমইএবি), হারবার গুলশান লিংক (১ ও ২য় তলা), টা-৯৪/বি মধ্য বাজা, গুলশান লিংক রোড, ঢাকা।

*Ahsan*

২০১১/১২৪

এইচ এম আহসানুল কবীর

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)